# মুখবন্ধ

'বার্ষিক প্রতিবেদন' অর্থ বিভাগের একটি নিয়মিত প্রকাশনা। সরকারের রাজস্ব নীতি, বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত এ বিভাগের কার্যক্রম যথাযথভাবে তুলে ধরা প্রতিবেদনটির মূল লক্ষ্য। ২০২০-২১ অর্থবছরের এ প্রকাশনাটিতে অর্থ বিভাগের সকল অনুবিভাগ, মনিটরিং সেল, 'মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক' এর কার্যালয় এবং 'হিসাব মহা নিয়ন্ত্রক' এর কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জনসমূহ তুলে ধরা হয়েছে। এতে অর্থ বিভাগের সংস্কার ও উদ্ভাবনমূলক কার্যক্রম, অর্থ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পসমূহের এবং রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন কর্মসূচিসমূহের সংক্ষিপ্ত বিবরণ অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া, কোভিড-১৯ মোকাবেলা ও অর্থনৈতিক পুনরুদ্ধারের জন্য প্রণোদনা প্যাকেজ ও বরাদ্দের তথ্যসহ এ বছরের বাজেট হাইলাইটস প্রতিবেদনে অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রতিবেদনটি অর্থ বিভাগের সার্বিক কর্মকান্ডের দলিল হিসেবে বিবেচিত হবে।

অর্থ বিভাগ সরকারের অন্যান্য মন্ত্রণালয়/বিভাগসমূহের সার্বিক সহযোগিতায় প্রতি অর্থবছরের জাতীয় বাজেট প্রণয়ন, সামষ্টিক অর্থনীতির গতি-প্রকৃতির ধারাবাহিক পরিবীক্ষণ ও মূল্যায়ন এবং অর্থনীতির খাতসমূহে সম্পদের যথাযথ বন্টনসহ প্রাপ্ত সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণের জন্য আর্থিক নীতি ও অন্যান্য সংশ্লিষ্ট বিধি-বিধান প্রণয়ন এবং প্রয়োজনীয় আর্থিক সংস্কার কার্যক্রম সম্পন্ন করে থাকে। এছাড়া, সরকারের বিভিন্ন স্বায়ত্বশাসিত ও রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের বাজেট এবং আর্থিক বিধিমালা প্রণয়ন এবং সরকারি ব্যয় ব্যবস্থাপনা বিষয়ক যাবতীয় কার্যাবলীও অর্থ বিভাগ সম্পাদন করে থাকে। সম্পাদিত কাজগুলোর মানোন্নয়ন এবং নতুনমাত্রা যোগ করার বিষয়ে অর্থ বিভাগ প্রতিনিয়ত সচেষ্ট রয়েছে।

অর্থ বিভাগের অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ বার্ষিক প্রতিবেদন প্রণয়ন, সম্পাদন ও প্রকাশনার সাথে সংশ্লিষ্ট। যথাযথ শ্রম ও নিষ্ঠার সাথে যথাসময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশনার কাজটি সম্পন্ন করায় অনুবিভাগের সংশ্লিষ্ট সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এছাড়া, বার্ষিক প্রতিবেদন প্রণয়নের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য/উপাত্তসমূহ সরবরাহ করে যারা সহায়তা করেছেন তাঁদের সকলের প্রতি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি।

২২/১০/২২

আব্দুর রউফ তালুকদার
সিনিয়র সচিব
অর্থ বিভাগ